

মাধ্যমিক স্কুল শিক্ষকদের সমস্যা সমাধানের আশ্বাস দিলেন রাশেদ খান মেনন

যুগান্তর রিপোর্ট

রাজধানীতে গতকাল শিক্ষকদের দুটি সংগঠন সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি এবং শিক্ষা ও শিক্ষক আন্দোলন সমন্বয় ফোরামের পৃথক দুটি আলোচনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উভয় অনুষ্ঠানেই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি রাশেদ খান মেনন এমপি।

সকালে গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুলে সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতি আয়োজন করে 'শিক্ষার মানোন্নয়নে শিক্ষকদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভা। এতে প্রধান অতিথি শিক্ষকদের প্রথম শ্রেণীর মর্যাদা প্রদানসহ অন্যান্য দাবি পূরণে আশ্বাস দেন।

সমিতির সভাপতি সামসুল হকের সভাপতিত্বে আমোজিত অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের ভারপ্রাপ্ত মহাপরিচালক অধ্যাপক নোমান উর রশীদ, পরিচালক অধ্যাপক জাকির হোসেন, উপ-পরিচালক ড. জাহাঙ্গীর হোসেন এবং সমিতির সাধারণ সম্পাদক ইনসান আলী।

বিকালে শিক্ষা ও শিক্ষক আন্দোলন সমন্বয় ফোরামের ঢাকা মহানগর কাউন্সিল উপলক্ষে শহীদ আসাদ মিলনায়নে আয়োজিত অনুষ্ঠানে রাশেদ খান মেনন বলেন, শিগগিরই একটি বিস্তারিত মনস্ত, অসাম্প্রদায়িক ও গণমুখী আধুনিক শিক্ষানীতি ঘোষণা করা হবে। অধ্যক্ষ গোলাম ফারুকের সভাপতিত্বে এতে ফোরামের আহ্বায়ক ড. সুশান্ত কুমার দাস, সাইদুল হক তালুকদার, আবদুল মতিন প্রমুখ বক্তব্য করেন।